

## **া** সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৬৩০

১২. কিতাবুস সিয়াম (کتاب الصوم)

পরিচ্ছেদঃ যে ব্যক্তি আইয়ামে বীযের সিয়ামের চেয়ে বেশি সিয়াম পালনের সক্ষমতা রাখে, তার প্রতি অর্ধ যামানা অর্থাৎ একদিন পর পর সিয়াম রাখার নির্দেশ প্রসঙ্গে বর্ণনা

ذِكْرُ الْأُمْرِ بِصِيَامٍ نِصْفِ الدَّهْرِ لِمَنْ قَوِيَ عَلَى أَكْثَرِ مِنْ صِيَامٍ أَيَّامٍ الْبِيضِ

আরবী

3630 ـ أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ يَحْيَى بْنِ زُهَيْرٍ بِتُسْتَرَ حَدَّقَنَا أَحْمَدُ بْنُ الْوَلِيدِ الْكَرْخِيُّ حَدَّثَنَا عَفْرُ وَعَقَانُ حدثنا سليم بن حبان حدثنا سعيد بن مثنى قَالَ: سَمِعْتُ عَبْدَ اللَّهِ بْنَ عَمْرٍ عَمْرٍ يَقُولُ: قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم: (يَا عَبْدَ اللَّهِ بْنَ عَمْرٍ بِلَغَنِي أَنَّكَ تَصنُومُ لَقُولُ: قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم: (يَا عَبْدَ اللَّهِ بْنَ عَمْرٍ بِلَغَنِي أَنَّكَ تَصنُومُ النَّهَارَ وَتَقُومُ اللَّيْلَ فَلَا تَفْعَلْ فَإِنَّ لِجَسَدِكَ عَلَيْكَ حَقًا وَإِنَّ لِنَفْسِكَ عَلَيْكَ حَقًا صبُمْ وأَفْطِرْ مِنْ كُلِّ شَهْرٍ تَلاَثَةَ أَيَّامٍ صَوْمُ الدَّهْرِ) قَالَ: قُلْتُ: يَا رَسُولَ اللَّهِ إِنِّي أَجِدُ قُوَّةً قَالَ: (صبُمْ صَوْمَ دَاوُدَ صبُم يَوْمًا وَأَفْطِرْ يَوْمًا) قَالَ: وَكَانَ عَبْدُ اللَّهِ بْنُ عَمْرٍ و يَقُولُ: يَا لَيْتَنِي كُنْتُ صَوْمَ دَاوُدَ صبُم يَوْمًا وَأَفْطِرْ يَوْمًا) قَالَ: وَكَانَ عَبْدُ اللَّهِ بْنُ عَمْرٍ و يَقُولُ: يَا لَيْتَنِي كُنْتُ أَخذت الرخصة.

الراوي: عَبْد اللَّهِ بْن عَمْرٍو | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3630 | خلاصة حكم المحدث: صحيح \_ ((صحيح أبي داود)) (2098): ق.

## বাংলা

৩৬৩০. আব্দুল্লাহ বিন আমর রাদ্বিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, "হে আব্দুল্লাহ বিন আমর, আমার কাছে এই মর্মে সংবাদ পৌঁছেছে যে, তুমি সারা দিন সিয়াম রাখো আর সারা রাত কিয়াম করো। তুমি এরকম করবে না। কেননা নিশ্চয়ই তোমার উপর তোমার শরীরের হক রয়েছে, তোমার উপর তোমার নফসের হক রয়েছে। তুমি প্রত্যেক মাসে তিনটি করে সিয়াম রাখবে আবার (অন্য দিনগুলোতে) সিয়াম রাখবেও না।" রাবী বলেন, "আমি বললাম, "হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, আমার (আরো সিয়াম রাখার) সামর্থ রয়েছে।" তখন তিনি বলেন, "তবে তুমি দাউদ আলাইহিস সালামের



সিয়াম রাখো; একদিন রাখবে, একদিন ছাড়বে।"

অধঃস্তন রাবী বলেন, "অতঃপর আব্দুল্লাহ বিন আমর রাদ্বিয়াল্লাহু আনহুমা (শেষ বয়সে) বলতেন, "হায়! যদি আমি (রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম প্রদত্ত) অবকাশটি গ্রহণ করতাম!" [1]

## ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ২/১৯৪; ইমাম মুসলিম: ১১৫৯; মুসনাদ আহমাদ: ২/১৯৮; সহীহুল বুখারী: ১৯৭৫; সহীহ মুসলিম: ১১৫৯; সহীহ ইবনু খুয়াইমাহ: ২১১০; তাহাবী: ২/৮৫; আত তায়ালিসী: ২২৫৫; মুসান্নাফ আব্দুর রায্যাক: ৭৮৬৩।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ২০৯৮)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আমর ইবনুল আস (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন